

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ আগস্ট, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং ৩১৯-আইন/২০১৯/৮১-মুসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এই বিভাগের ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২৩৯-আইন/২০১৯/৭৫-মুসক, এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

- (ক) অনুচ্ছেদ (ক) এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:
- “(ক) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, জাতিসংঘভুক্ত সংস্থা, দূতাবাস, বিশেষ সুবিধাপ্রাপ্তি ব্যক্তি ও সংস্থা কর্তৃক আমদানিকৃত পণ্য এবং আইন ও চুক্তির মাধ্যমে সরকার কর্তৃক অব্যাহতপ্রাপ্ত প্রতিষ্ঠান ও সংস্থা কর্তৃক বিক্রয় বা হস্তান্তরের জন্য নয় এমন আমদানিকৃত পণ্য;”
- (খ) অনুচ্ছেদ (ত) এর প্রান্তস্থিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে;
- (গ) অনুচ্ছেদ (থ) এর প্রান্তস্থিত “।” চিহ্নের পরিবর্তে “;” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ অনুচ্ছেদসমূহ সংযোজিত হইবে, যথা:—

(২৩৫১৯)

মূল্য : টাকা ৮.০০

- “(দ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং-১৫৫-আইন/২০০৮/২০৮৭/শুল্ক, তারিখঃ ১০ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ এর আওতায় Solar panel উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ;
- (খ) এইচএস কোড ৫৫০৪.৯০.০০ এর আওতায় সুতা উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত Artificial Staple Fibre;
- (ন) বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক নিবন্ধিত ও সুপারিশকৃত তাঁতী সম্পদায় কর্তৃক এইচএস কোড ৫৪০২.৪৭.০০ (Polyester Yarn), ৫৬০৫.০০.১০ (Metalized Yarn) এবং শুধুমাত্র নিবন্ধিত জামদানি তাঁতী সমিতির সদস্য কর্তৃক এইচএস কোড ৫৪০২.৫২.০০ (Polyester Yarn) ও ৫৬০৫.০০.৯০ (Other Metalized yarn) এর আওতায় আমদানিকৃত পণ্য;
- (প) প্রাণী সম্পদ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত পোলিট্রি অথবা গবাদি পশু প্রতিষ্ঠান অথবা Animal Health Company অথবা পোলিট্রি, লাইভস্টক ও ডেইরি ফিড প্রস্তুতকারক প্রতিষ্ঠান; অথবা মৎস্য অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত ফিশারি এবং মৎস্য ফিড প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক এইচএস কোড ২৩০৯.৯০.৯০ এর আওতায় আমদানিকৃত পোলিট্রি সেস্ট্রেরের পোলিট্রি ও মৎস্য খাদ্য উপকরণ বা কাঁচামাল;
- (ফ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সাধারণ আদেশ নং- ১০/মুসক/২০১৯, তারিখঃ ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ এর আওতায় আমদানিকৃত ন্যূনতম ৫০০০ DWT এর উর্ধে সমুদ্রগামী জাহাজ;
- (ব) H.S. Code ৮৫৪৩.৭০.৯০ এর আওতায় বন্দ লাইসেন্সধারী শতভাগ রপ্তানিমুখী তৈরি পোষাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত নিডল ডিটেক্টর;
- (ম) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং- ২৩৮-আইন/২০১০/২৩১৭/শুল্ক, তারিখঃ ২৯ জুন, ২০১০ খ্রিস্টাব্দ এর আওতায় সংসদ সদস্য কর্তৃক আমদানিকৃত গাড়ী;
- (য) Customs Act, 1969 (Act IV of 1969) এর অধীন প্রণীত যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০১৬ এর আওতায় বিক্রি/ হস্তান্তরের জন্য নয় এমন আমদানিকৃত পণ্য।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভুইয়া, এনডিসি
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd